



ক্রিকেটার নাসিমকে হেনস্তার ঘটনায় খুলশী থানার ওসি প্রত্যাহার



সংগৃহীত ছবি

জাতীয় দলের ক্রিকেটার নাসিম হাসানকে মারধর ও থানায় হেনস্তার অভিযোগের ঘটনায় চট্টগ্রামের খুলশী থানার ওসি মো. আরিফুর রহমানকে প্রত্যাহার করা হয়েছে। শনিবার (১৩ জুন) রাতে চট্টগ্রাম মহানগর পুলিশ (সিএমপি) এ সিদ্ধান্ত নেয়। সিএমপি কমিশনার হাসান মো. শওকত আলী জানান, ওসিকে পুলিশ লাইন্সে সংযুক্ত করা হয়েছে। পাশাপাশি খুলশী ও বাকলিয়া থানায় নতুন কর্মকর্তাদের দায়িত্ব দেওয়া হয়েছে। এর আগে এ ঘটনায় খুলশী থানার এসআই শফিকুল ইসলাম ও কনস্টেবল রাসেল চৌধুরীকে সাময়িক বরখাস্ত করা হয়। পুলিশের এক সোর্সকেও আটক করা হয়েছে। অভিযোগ অনুযায়ী, ঢাকা থেকে চট্টগ্রামে ফেরার পর শুক্রবার রাতে লালখান বাজার এলাকায় নাসিম হাসানকে বহনকারী অটোরিকশা থামায় পুলিশ। পরে তাকে গাড়ি থেকে নামিয়ে মারধর এবং থানায় নিয়ে হেনস্তা করা হয় বলে অভিযোগ ওঠে। নাসিমের দাবি, বিসিবি কর্মকর্তাদের হস্তক্ষেপের পর তিনি থানা থেকে বের হতে সক্ষম হন। ঘটনার পর বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা শুরু হলে পুলিশ প্রশাসন সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়।